

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
বোর্ড প্রশাসন-১ শাখা
www.nbr.gov.bd

নথি নং-৯(১৬) বোঃ প্রঃ-১/২০০০

তারিখঃ ১৫ মাঘ ১৪২৫
২৮ জানুয়ারি ২০১৯

বিষয়ঃ বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন কাস্টম হাউস, আইসিডি কমলাপুর, ঢাকা দপ্তরে কর্মরত সিস্টেম এনালিস্ট, জনাব রওশন আক্তার খান ধর্মীয় স্থান পরিদর্শন ও ইসলামী ঐতিহ্য দেখার জন্য ২৭/০১/২০১৯ হতে ০৩/০২/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ০৮ (আট) দিন ভারত যেতে ইচ্ছা পোষণ করে কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত ফরমে আবেদন করেন। আবেদনের সাথে ছুটির প্রাপ্যতার প্রত্যয়নপত্র দাখিল করেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা ০৩.০৬৯.০২৫.০৬.০০.০০৩.২০১১-১৪৪(৫০০) তারিখ-১৯/০৬/২০১১ মোতাবেক তাঁর দাখিলকৃত তথ্যাদি নিম্নরূপঃ

- (ক) ভ্রমণের উদ্দেশ্যঃ ভারতে ধর্মীয় স্থান ও ইসলামী ঐতিহ্য পরিদর্শন।
- (খ) আবেদিত ভ্রমণের সময়কালঃ প্রস্তাবিত ভ্রমণের জন্য আগামী ২৭/০১/২০১৯ হতে ০৩/০২/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ০৮ (আট) দিন। তবে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মহোদয় ০৫ (পাঁচ) দিনের ছুটি মঞ্জুর করেছেন।
- (গ) প্রস্তাবিত ভ্রমণে সফর সঙ্গী হিসেবে থাকবেনঃ মোহাম্মদ সেলিম, বয়স-৫০, স্বামী।
- (ঘ) প্রস্তাবিত ভ্রমণের আনুমানিক ব্যয় ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা। যা তিনি নিজ সঞ্চিৎ অর্থ হতে বহন করবেন।
- (ঙ) পূর্ববর্তী ভ্রমণের বিবরণী : ভারত, ০৬/১০/২০১৬ হতে ০৭/১০/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০২(দুই) দিন ভ্রমণ করেন।

০২। জনাব রওশন আক্তার খান এর জাতীয় বেতন স্কেল ৪৩,০০০-৬৯,৮৫০/-টাকা বেতন স্কেলের ৫ম গ্রেডের একজন কর্মকর্তা। প্রধানমন্ত্রীর কার্যালয়ের উক্ত আদেশের অনুচ্ছেদ-২(ক) অনুযায়ী তাঁর ছুটি মঞ্জুরীর জন্য মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের সদয় অনুমোদন প্রয়োজন। এমতাবস্থায়, তাঁর দাখিলকৃত আবেদন ও আনুষঙ্গিক কাগজপত্র পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংক্ষেপে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃঃ আঃ অতিরিক্ত সচিব (প্রশাসন)]

স্বাক্ষর/ (শারমিন আরা)
(সিনিয়র সহকারী সচিব)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১)
ফোনঃ ৪৮৩১৮১২০-২৬/৩৭১

নথি নং-৯(১৬) বোঃ প্রঃ-১/২০০০ / ১১০ (২)

তারিখঃ ১৫ মাঘ ১৪২৫
২৮ জানুয়ারি ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। কমিশনার, কাস্টম হাউস, আইসিডি কমলাপুর, ঢাকা।

০২। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৪। জনাব রওশন আক্তার খান, সিস্টেম এনালিস্ট, কাস্টম হাউস, আইসিডি কমলাপুর, ঢাকা।

০৫। পিএ টু সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

স্বাক্ষর AP/চৈয়দ AP

স্বাক্ষর/ (শারমিন আরা)
(সিনিয়র সহকারী সচিব)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১)